বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ
0 APR 1989
তারিখ ...
পৃষ্ঠা 4 কলাম 3

## ঈদের পূর্বে বেসরকারী শিক্ষকদের বেতন পরিশোধ করুন

মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব হলো ঈদুল ফেতর। আগামী মে মাসের প্রথম সপ্তাহে এ উৎসব অনুষ্ঠিত হবে। অন্য চাকরিজীবীদের মতই বেসরকারী শিক্ষকদের উৎসবের কেনাকাটার জন্য অনেক টাকার প্রয়োজন।

সরকার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতনের ৭০% প্রতি তিন মাস অন্তর পরিশোধ করে থাকেন। সরকার প্রদত্ত বেতনের চতুর্থ কিস্তি তথা ১৯৮৯ ইং সালের মার্চ, এপ্রিল ও মে মাসের টাকা ঈদুল ফেতরের পূর্বে পরিশোধ করা খুবই প্রয়োজন। বর্তমান এ দুর্মূল্যের দিনে অভাবগ্রস্ত শিক্ষকদের গৃহে ঈদের আনন্দ উপভোগ করতে এ পদক্ষেপটুকু গ্রহণ করা খুবই প্রয়োজন।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ, অবিলম্বে বেসরকারী শিক্ষকদের চতুর্থ কিস্তির টাকা পরিশোধ করুন। এতে শিক্ষকগণ বিশেষভাবে উপকৃত হবেন।

কাজী গোলাম মোস্তফা,
সহকারী অধ্যাপক
রাজনীতি বিজ্ঞান বিভাগ,
আনোয়ারা কলেজ,
আনোয়ারা চট্টগ্রাম।

## ভর্তি পরীক্ষা দেয়া হল না

গত ২০শে মার্চ, ৮৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের প্রিলিমিনারী ভর্তি পরীক্ষার ফরম দেয়ার শেষ তারিখ ছিল। আমার গ্রামের বাড়ী চট্টগ্রাম থেকে তিনজন ভর্তিচ্ছু ছাত্র অনেক আশা নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ফরম সংগ্রহ করে। আমার ওপর ফরম জমা ও পরীক্ষার তারিখ জানানোর দায়িত্ব অর্পিত হয়। আমি যথারীতি ফরম জমা দিয়ে তাদের পরীক্ষার তারিখ ও সময় জেনে নিয়ে গত মাসের ১৯ তারিখ পিজি হাসপাতালের (নৈশকালীন) ডাকঘরে উক্ত তিনজনের নামে তিনটি চিঠি পোষ্ট করি। পরীক্ষার তারিখ ছিল ২৭, ২৮ ও ২৯শে মার্চ। কিন্তু দুঃখের বিষয় তিনটি চিঠির একটিও প্রাপকদের হাতে পৌছায়নি।

জীবনের এমন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে ছিনিমিনি খেলার পেছনে ডাক বিভাগের কি উদ্দেশ্য থাকতে পারে?

এটা কি নিতান্তই ভর্তিচ্ছুদের কপালের দোষ? না কি এর জন্য ডাক বিভাগই দায়ী।

গোলাম সারোয়ার,
৫৪১, মুহসীন হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

## প্রাথমিক বিদ্যালয়টি আজও সরকারীকরণ হল না

আজ থেকে বিশ বছর আগে প্রতিষ্ঠিত হয়েও আমতলী উপজেলার নিশানবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়টি সরকারী অনুমোদন পায়নি।

উপজেলার বড়বগী ইউনিয়নের নিশানবাড়িয়া ওদ: সওদাগর পাড়ার মধ্যবর্তী স্থানে অত্যন্ত সুন্দর ও মনোরম পরিবেশে বিদ্যালয়টি অবস্থিত। বিদ্যালয়ে বর্তমানে ৫ শতাধিক ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ করছে।

ইতিপূর্বে এ বিদ্যালয়টি সরকারীকরণের জন্য বহু চেষ্টা তদবির করা হলেও কোন সুফল এলাকাবাসীর ঘরে পৌছায়নি। অবিলম্বে এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজর দেয়া দরকার।

মো: আজিজুর রহমান
নিশানবাড়িয়া,
আমতলী, বরগুনা।